দৈনিক বাংলা

তারিখ 29 MAY 1993
পৃষ্ঠা ৩ কলাম ৭

১৫

63

### বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সফল করার উদ্যোগ

# আগামী অর্থ বছর থেকে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী

জাহেদ চৌধুরী : আগামী অর্থ বছর থেকে 'শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী' নামে দেশে নতুন এক প্রকল্প চালু করা হচ্ছে।

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষাকে সফল করে তোলাই এই কর্মসূচীর মূল লক্ষ্য। নির্ভরযোগ্য সূত্রে এই তথ্য জানা গেছে।

গ্রামের দরিদ্র পরিবারের ছেলে-মেয়েদের প্রাথমিক স্কুলে আসতে উৎসাহিত করা এবং এর ফলে যাতে তাদের পরিবারের উপর কোন চাপ না পড়ে তা নিশ্চিত করাই এই কর্মসূচীর লক্ষ্য। দারিদ্র পরিবারের যেসব শিশু স্কুলে যাবে তাদের পরিবার পিছু নিয়মিত নির্দিষ্ট পরিমাণ চাল-গম ইত্যাদি দেয়া হবে। এছাড়া স্কুলে থাকাকালীন শিশুদেরকে টিফিন ও দুধ সরবরাহ করা হবে।

সূত্র জানায়, সরকারের নীতি নির্ধারকরা এ ব্যাপারে ইতিমধ্যেই চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছেন। আগামী বাজেটে এখাতে চূড়ান্ত ব্যয় বরাদ্ধ করা হবে। তবে প্রাথমিকভাবে ইতিমধ্যেই এখাতে ৫০ হাজার টন গমের বরাদ্দ রাখা হয়েছে বলে জানা গেছে।

সরকারের বাধ্যতামূলক শিক্ষা কর্মসূচীর অধীনে দরিদ্র পরিবারের শিশুদের ব্যাপক-ভাবে এখনও স্কুলে আনা সম্ভব হচ্ছে না। কারণ গ্রামের দরিদ্র পরিবারগুলি আর্থিক অনটনের কারণে তাদের ছেলে-মেয়েদের স্কুলে না পাঠিয়ে কাজে পাঠায়। অনেক ক্ষেত্রে স্কুলে পাঠালেও এরা ২/১ বৎসরের মধ্যে স্কুল ছেড়ে দেয়। নীতি নির্ধারকদের মতে স্কুলগামী শিশুর সংখ্যা বৃদ্ধির জন্য তাদের পিতামাতাকে উৎসাহিত করা এবং স্কুল ত্যাগের হার হ্রাস করার ক্ষেত্রে 'শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী' বিশেষ

(৮-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)